

## প্রেস বিজ্ঞপ্তি

১৬/০২/২০২৪

বরাবর

বার্তা সম্পাদক/প্রধান প্রতিবেদক/এসাইনমেন্ট অফিসার

মহোদয়,

কর্মজীবী নারী'র পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা!

'কর্মজীবী নারী' প্রাতিষ্ঠানিক ও অ-প্রাতিষ্ঠানিক উভয় খাতের নারীশ্রমিকদের আর্থ-সামাজিক জীবনমান ও শ্রমঅধিকার পরিস্থিতি জানার জন্য বিভিন্ন ধরনের গবেষণা ও জরিপ পরিচালনা করে থাকে। এরই ধারাবাহিকতায় সম্প্রতি কর্মজীবী নারী'র পক্ষ থেকে 'অক্সফ্যাম ইন বাংলাদেশ' এর সহযোগিতায় **Transforming Care Work for Women in Ready-Made Garment Sector** শিরোনামে মিরপুরে অবস্থিত চারটি তৈরি পোশাক শিল্পের ১০০ জন নারী ও পুরুষ শ্রমিকের মধ্যে একটি র‍্যাপিড কেয়ার এ্যানালাইসিস পরিচালনা করা হয়। এর মাধ্যমে নারী'র অবৈতনিক সেবামূলক কার্যক্রমের একটি চিত্র তুলে আনা হয় এবং এর ফলে কর্মক্ষেত্রে তারা কী ধরনের বাধার সম্মুখীন হয় সে বিষয়গুলোও সনাক্ত করা হয়।

নীতি নির্ধারণী পর্যায়ে তৈরি পোশাক শিল্পের নারীশ্রমিকের ক্রমহ্রাসমান পরিস্থিতি উন্নয়নে এবং তৈরি পোশাক খাতের নারীশ্রমিকদের বাধাসমূহ দূরীকরণে কারখানা ব্যবস্থাপক থেকে শুরু করে সমাজের প্রতিটি স্তরে আলোচনা করা সহ এ বিষয়ে যথাযথ পদক্ষেপ নেয়ার লক্ষ্যে 'কর্মজীবী নারী "পোশাক শিল্পের নারীশ্রমিকের গৃহস্থালি ও যত্ন/সেবামূলক কাজের (Domestic and Care Work) দায়িত্ব, প্রভাব ও করণীয়" শীর্ষক একটি মতবিনিময় সভার আয়োজন করতে যাচ্ছে। এই মতবিনিময় সভায় **সভাপতিত্ব করবেন শাহীন আক্তার, সহসভাপতি, কর্মজীবী নারী।** এছাড়াও উক্ত অনুষ্ঠানে বিভিন্ন কারখানার কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন উন্নয়ন সংগঠন, আইএনজিও, একাডেমিশিয়ান, নারী সংগঠন, শ্রমিক সংগঠনের নেতৃত্ববৃন্দসহ বিভিন্ন খাতে নিয়োজিত নারী ও পুরুষ শ্রমিকবৃন্দ উপস্থিত থাকবেন।

অনুষ্ঠান:	মতবিনিময় সভা
বিষয়:	"পোশাক শিল্পের নারীশ্রমিকের গৃহস্থালি ও যত্ন/সেবামূলক কাজের (Domestic and Care Work) দায়িত্ব, প্রভাব ও করণীয়"
সময় ও ভেন্যু:	১৭ ফেব্রুয়ারি ২০২৪ শনিবার, সকাল ১০:৩০-দুপুর ০১.০০ টা পর্যন্ত, বাংলাদেশ সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রাম (বিসিসিপি), প্লট # ৮, রোড# ০৩, ব্লক — এ, সেকশন-১১, মিরপুর, ঢাকা-১২১৬

অনুগ্রহপূর্বক উক্ত আয়োজনে আপনার বহুল প্রচারিত জাতীয় দৈনিক/দর্শক নন্দিত টেলিভিশন চ্যানেল/বার্তা সংস্থার পক্ষ থেকে একজন প্রতিবেদক ও একজন চিত্র সাংবাদিক/একজন ক্যামেরা ক্রু পাঠানোর অনুরোধ করছি।

ধন্যবাদ

রিমা আমেনা

প্রকল্প সমন্বয়ক

কর্মজীবী নারী